

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৪) ত্রুটিপূর্ণ কথা বললে ওয় নষ্ট হয়ে যায়। ওয়ুর সময় কথা বললে ফেরেশতারা রুমাল নিয়ে চলে যায়

ওয়্কারীর মাথার উপর চারজন ফেরেশতা রুমাল নিয়ে ছায়া করে রাখে। পর পর চারটি কথা বললে রুমাল নিয়ে চলে যায় বলে যে কাহিনী সমাজে প্রচলিত আছে, তা উদ্ভিট, মিথ্যা ও কাল্পনিক। তাছাড়া খারাপ কথা বললে ওয়ূ নষ্ট হয়ে যায় এ আক্রীদাও ঠিক নয়। এ মর্মে যে হাদীছ রয়েছে তা জাল।

عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ قَالَ وَالْ وَاللهِ اللهِ الْحَدَثُ حَدَثَانِ حَدَثُ اللِّسَانِ وَحَدَثُ الْفَرْجِ وَلَيْسَا سَوَاءً حَدَثُ اللِّسَانِ أَشَدٌ مِنْ حَدَثِ الْفَرْجِ وَفِيْهَا الْوُضُوُّءُ.

ইবনু আব্বাস (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, অপবিত্রতা দুই প্রকার। জিহবার ও লজ্জাস্থানের অপবিত্রতা। দুইটি এক সমান নয়। লজ্জাস্থানের অপবিত্রতার চেয়ে জিহবার অপবিত্রতা বেশী। আর এর কারণে ওযু করতে হবে।[1]

তাহকবীক্ব : হাদীছটি বাতিল।[2] এর সনদে বাক্বিয়াহ নামক রাবী রয়েছে, সে ত্রুটিপূর্ণ। সে দুর্বল রাবীদের নিকট থেকে হাদীছ বর্ণনাকারী। রাসূল (ছাঃ) থেকে উক্ত মর্মে কোন ছহীহ হাদীছ বর্ণিত হয়নি।[3]

ফুটনোট

- [1]. আব্দুর রহমান ইবনু আলী ইবনিল জাওয়ী, আল-ইলালুল মুতানাহিয়াহ ফিল আহাদীছিল ওয়াহিয়াহ (বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, ১৪০৩), হা/৬০৪; দায়লামী ২/১৬০, হা/২৮১৪; ইমাম সুয়ুত্বী, জামিউল আহাদীছ হা/১১৭২৬।
- [2]. জাওয়াযকানী, আল-আবাতিল ১/৩৫৩ পৃঃ।
- [3]. আল-ইলালুল মুতানাহিয়াহ হা/৬০৪-এর আলোচনা দ্রঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1812

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন